৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 2 6 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# এপ্রিলে ১১টি ভার্সিটির সঙ্গে মঞ্জুরি কমিশনের ইন্টারনেট সংযোগ

ইফতেখার আহমেদ ॥ আগামী এপ্রিল মাস হইতে দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ের সহিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইন্টারটে সংযোগ চালু হইতেছে। বিশ্ববিদ্যালয়সমূহ হইতেছে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহ্‌জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। উক্ত সংযোগ স্থাপিত হইলে বিশ্ববিদ্যালয়সমূহ মঞ্জুরী কমিশনের মাধ্যমে বহির্বিশ্বের শিক্ষা প্রতিষ্ঠানের সহিত সহজেই ইন্টারনেট যোগাযোগ স্থাপন করিতে সক্ষম হইবে। ইহাতে ছাত্র-শিক্ষক সকলেই বিশেষ করিয়া উন্নত বিশ্বের বিশ্ববিদ্যালয়সমূহের সিলেবাস, গবেষণা, ভর্তি প্রক্রিয়া, ও বিশেষজ্ঞ শিক্ষকদের সম্পর্কে যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ে বসিয়াই সংগ্রহ করিয়া নিজেদের সমৃদ্ধ করিতে পারিবে। অন্যদিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিজস্ব ওয়েব সাইটে কমিশনের যাবতীয় তথ্যাবলী ছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিচিতিমূলক তথ্য সন্নিবেশিত থাকিবে। ইহাতে যে কেউ উক্ত ওয়েব সাইটে ঢুকিয়া বিশ্ববিদ্যালয়সমূহ সম্পর্কে একটি সম্যক ধারণা লাভে সক্ষম হইবে।